


স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষার্থীর ছাত্রাবাসে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

রাজশাহী কলেজে অধ্যয়নরত নিয়মিত ছাত্রদের নিকট থেকে সীমিত সংখ্যক সিটের বিপরীতে ছাত্রাবাসে আবাসিকতা লাভের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ভর্তি সংক্রান্ত তথ্যাবলিঃ

- ❖ ভর্তি ফরম সংগ্রহ ও জমা দেওয়ার তারিখ ও স্থান: ২০/০৮/২০২৪ তারিখ হতে ২৫/০৮/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত, ছাত্রাবাস কার্যালয়, সময় সন্ধ্যা ০৭:০০টা থেকে ০৮:৩০মি. পর্যন্ত (প্রতি কার্য দিবস)।
- ❖ ভর্তি ফরম সংগ্রহের সময় ছাত্রদের অনার্সের রেজিস্ট্রেশন কার্ড, ১ম বর্ষের প্রবেশপত্র এবং কলেজ পরিচয়পত্র প্রদর্শন করতে হবে।
- ❖ ভর্তি ফরমের সাথে প্রয়োজনীয় কাগজপত্র: (সংশ্লিষ্ট বিভাগের শিক্ষক কর্তৃক সত্যায়িত)
 ১. এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল নম্বরপত্রের ফটোকপি।
 ২. কলেজ পরিচয়পত্র, অনার্স ১ম বর্ষের পরীক্ষার প্রবেশপত্র ও রেজাল্ট সিটের ফটোকপি।
 ৩. পাসপোর্ট সাইজের ৩টি রঙিন ছবি।
 ৪. জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।
- ❖ অনিয়মিত ছাত্রদের দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- ❖ রাজশাহী শহরের স্থানীয় ছাত্র দরখাস্ত করতে পারবে না।
- ❖ সাক্ষাৎকার গ্রহণের স্থান: ছাত্রাবাস কার্যালয়, তারিখ: ২৭/০৮/২০২৪ খ্রি., সময়: বিকাল-৫:৩০টা।
- ❖ সাক্ষাৎকার গ্রহণ শেষে যথাশীঘ্র ফলাফল প্রকাশ করা হবে।
- ❖ ভুল ও অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- ❖ সাক্ষাৎকারের সময় এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল নম্বরপত্র, অনার্স পার্ট-১ (প্রযোজ্য ক্ষেত্রে) এর প্রবেশপত্র, অনার্স রেজিস্ট্রেশন কার্ড ও কলেজ পরিচয় পত্র দেখাতে হবে। প্রয়োজনীয় মূল কাগজপত্র দেখাতে ব্যর্থ হলে তার সাক্ষাৎকার গ্রহণ করা হবে না।
- ❖ ভর্তির সময় ছাত্রাবাসের এক বছরের পাওনা অগ্রিম পরিশোধ করতে হবে। পরবর্তী বছর পুনরায় এক বছরের পাওনা অগ্রিম পরিশোধ করে সিট বহাল রাখতে হবে।
- ❖ এসএসসি পাশের মূল সনদপত্র ছাত্রাবাস কর্তৃপক্ষের নিকট জমা রাখতে হবে।
- ❖ ভর্তি বিজ্ঞপ্তি সংক্রান্ত কোনো সিদ্ধান্ত পরিবর্তন, সংশোধন অথবা, বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বি.দ্র. আবাসিকতা লাভের পর ছাত্রাবাস বিধিমালা মেনে চলার লিখিত অঙ্গীকার জমা দিতে হবে।


প্রধান তত্ত্বাবধায়ক
রাজশাহী কলেজ মুসলিম ছাত্রাবাস

রাজশাহী কলেজ মুসলিম ছাত্রাবাস, রাজশাহী।